

ইউল্যাবের ওয়েব পোর্টাল উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বিশ্বমানের শিক্ষা প্রবর্তনে বেসরকারি বিশ্ববিদ্যালয়কে উদ্যোগী ভূমিকা রাখতে হবে

ইত্তেফাক রিপোর্ট ৬ঃ বিশ্বমানের শিক্ষা প্রবর্তনে বেসরকারি বিশ্ববিদ্যালয়কে উদ্যোগী ভূমিকা রাখার ওপর গুরুত্বারোপ করেছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, সরকার প্রযুক্তিতে সবার হাতের নাগালে পৌঁছে দিতে চায়। এ ক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয়কে ভূমিকা রাখতে হবে। শিক্ষা মন্ত্রী সকল বিশ্ববিদ্যালয়-কলেজ-চুল পর্যায়কে ক্রমান্বয়ে ওয়েব তথা সফটওয়্যার বৃত্ত করার আহবান জানান। গতকাল বুধবার ইউনিভার্সিটি অফ লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাভ) এর ওয়েব পোর্টাল উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন। ইউল্যাভের ডিগ্নি অধ্যাপক রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে গ্রামীণ সফটওয়্যার মুখ্য নির্বাহী কর্মকর্তা কাজী ইসলাম ও ইউল্যাভের কম্পিউটার বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান ড. সৈয়দ

আব্দুল হোসেন বক্তব্য করেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার জাতির বৃহত্তর কল্যাণে সশ্রদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে কাজ করছে। ডিজিটাল বাংলাদেশ গড়া তাঁর দৃঢ় অঙ্গীকার। মন্ত্রী বেসরকারি এ বিশ্ববিদ্যালয়ে আধুনিকতম তথ্য প্রযুক্তির তরুণ সঞ্চারে আগ্রহী। আমাদের পিছিয়ে পড়া মনগোষ্ঠীর উন্নয়নের পাশাপাশি বিশ্বমানের শিক্ষা প্রবর্তনে উদ্যোগী ভূমিকা রাখতে হবে। তথ্য প্রযুক্তির চরম উৎকর্ষতার এ যুগে অনিশ্চিত সরকারবাহ্যি এভাবে তরুণ প্রজন্মকে উজ্জ্বল করতে হবে। ইউল্যাভ বিশ্ববিদ্যালয় গতকাল থেকে সাময়িক ব্যবস্থাপনা ডিজিটাল ওয়েব পোর্টাল শুরু করে। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে গতি সঞ্চার হবে বলে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে।